

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(পার-৪ অধিশাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৪৫.০১৫.০০.০০০০.০৪৫.২০১৩ - ১৩০

তারিখ: ০৭. ০৫. ২০১৭ খ্রি:

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন ১৪টি মেডিকেল কলেজ ও হাসপাতালে রিউমাটোলজী বিভাগে পদ সৃজনের বিষয়ে
অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভার তারিখ	: ২৩.০৪.২০১৭ খ্রি:
সভার সময়	: বিকাল ৩.০০ টায়।
সভার স্থান	: কক্ষ নং-৩২৩, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
সভাপতি	: ফয়েজ আহমেদ অতিরিক্ত সচিব (প্রশাসন)
	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক' সংযুক্ত।

আলোচনা: সভাপতি উপস্থিত সকলের সাথে পরিচিত হয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির নির্দেশনামতে রোকেয়া বেগম, উপ সচিব, পার-৪ অধিশাখা জানান যে, মাননীয় মন্ত্রীর অনুমোনক্রমে ১৪টি মেডিকেল কলেজ ও হাসপাতালে রিউমাটোলজী বিভাগের ৩৭৮টি পদ সৃজনের জন্য ০৫.০২.২০১৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। সে মন্ত্রণালয়ের ২৩.০২.২০১৫ তারিখে সভা অনুষ্ঠিত হয়। সভা অনুষ্ঠানের পর জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মতে ২০.৪.২০১৪, ২২.০২.২০১৫, ১১.০৮.২০১৫ ও ১৩.১০.২০১৫ তারিখে তথ্যাদি প্রেরণ করা হয়। সর্বশেষ ১৭.০৯.২০১৫ তারিখে কতিপয় তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হয়। চাহিত তথ্যাদি নিম্নরূপ:

- ক) চিকিৎসকদের বিভিন্ন সোসাইটি হতে প্রাপ্ত রিকুইজিশন অনুযায়ী পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ না করে বাস্তব প্রয়োজনের আলোকে যাচাই করা।
- খ) স্বাস্থ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য মন্ত্রণালয় পর্যায়ে পরীক্ষা-নিরীক্ষা করে মন্ত্রণালয়ের সুস্পষ্ট মতামতসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ে অগ্রগামী করতে হবে।
- গ) স্বাস্থ্য অধিদপ্তর এ রিউমাটোলজী এবং অন্যান্য বিষয়ে বিশেষজ্ঞ চিকিৎসক এর পরিসংখ্যান তৈরীর উদ্যোগ গ্রহণ করা।

০১। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি প্রেরণের জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ জানানো হলে স্বাস্থ্য অধিদপ্তর হতে জবাব প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য পরীক্ষা-নিরীক্ষা করে মন্ত্রণালয় সুস্পষ্ট মতামতসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ে অগ্রগামী করতে হবে। ইতোপূর্বে এ মন্ত্রণালয়ে সভা না করে মতামত না নিয়েই জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

০২। অধ্যাপক আতিকুল হক জানান রিউমাটোলজি আধুনিক চিকিৎসা বিজ্ঞানের অন্যতম গুরুত্বপূর্ণ একটি শাখা। এ বিভাগের অধীনে ছোট-বড় মিলিয়ে ৬ শতাধিক রোগ রয়েছে। এ রোগগুলোর অন্যতম হচ্ছে রিউমাটোয়েড আর্থাইটিস বা গিটাবাত, অস্টিও আর্থাইটিস বা হাঁড়বাত এসএলই বা লুপাস এবং গাউট বাত। এ ধরণের রোগীদের চিকিৎসার মূল দায়িত্ব পালন করেন রিউমাটোলজি বিশেষজ্ঞগণ। অন্যদিক অর্থোপেডিকস বিশেষজ্ঞ এর মূল দায়িত্ব হাঁড় ভাঙ্গা বা মচকে যাওয়া চিকিৎসার পাশাপাশি রিউমাটোলজি রোগগুলোর কারণে হাড় বা গিট নষ্ট হয়ে যাওয়ায় অপারেশন বা প্রতিস্থাপনের মাধ্যমে সেবা প্রদান।

০৩। আমাদের দেশে বিএসএমএমইউ ছাড়া অন্যকোন মেডিকেল কলেজ ও হাসপাতালে এ বিভাগ চালু হয়নি। বিশ্ব স্বাস্থ্য সংস্থার জরিপে অনুযায়ী শতকরা ২৬ জন কোন না কোন রিউমাটোলজি রোগে আক্রান্ত। ফলশুতিতে এ সকল রোগীদের চিকিৎসা সেবা অর্থোপেডিকস, ফিজিক্যাল মেডিসিন এবং ইন্টারনাল মেডিসিন বিভাগের চিকিৎসকগণ প্রদান করেন। বিশেষজ্ঞ সকল দেশেই সরকারি এবং বেসরকারি পর্যায়ে মেডিকেল কলেজ ও হাসপাতালগুলোতে রিউমাটোলজি বিভাগ চালু রয়েছে।



০৫। সভার আলোচনা শেষে নিরোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় যে

(ক) গত ১৬.০৩.২০১৭ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে পুনর্গঠিত করে স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ নামে দুটি বিভাগ গঠন করা হয়েছে। Allocation of Businss অনুযায়ী মেডিকেল কলেজের পদ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ হতে এবং মেডিকেল কলেজ হাসপাতালের পদ স্বাস্থ্য সেবা বিভাগ হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭.০৯.১৫ তারিখের চাহিত তথ্যাদির জবাব প্রস্তুত করা হয়। প্রস্তুতকৃত জবাব স্বাস্থ্য অধিদপ্তর প্রযোজ্যতার নিরীক্ষে আলাদাভাবে দুই বিভাগে প্রেরণ করবে।

০৬। সভায় আর কোন অলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষর

০৩.০৫.২০১৭

(ফয়েজ আহমেদ)

সভাপতি

ও

অতিরিক্ত সচিব (প্রশাসন)


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.১৪৫.০১৫.০০.০০০০.০৪৫.২০১৩ - ৩০/১(৮)

তারিখ: ০৫.০৫.২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সভাপতি বাংলাদেশ রিউমাটোলজী সোসাইটি, বুম নং-১৭০২, ইক-ডি, ১৬ তলা, বিএসএমএমইউ, ঢাকা।
- ৪। মহাসচিব, বাংলাদেশ রিউমাটোলজী সোসাইটি, বুম নং-১৭০২, ইক-ডি, ১৬ তলা, বিএসএমএমইউ, ঢাকা।
- সিটেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁকে পদ সৃজন সংক্রান্ত সভার নোটিশ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


Md. Fazlul Haq
(রোকেয়া বেগম)
উপ সচিব
ফোন-৯৫৪৫১৩৮

স্বাস্থ্য ও পরিবার ক্লান্ত মন্ত্রণালয়ের আওতাধীন ১৪টি মেডিকেল কলেজ ও
হাসপাতালে রিউমাটিজ বিভাগের জন্য রাজস্বখাতে পদ সূজনের বিষয়ে
অতিরিক্ত সচিব (প্রশাসন) যথেষ্ট সভাপতিতে ২৩.০৪.২০১৭ তারিখে অনুষ্ঠিয়ে
সভায় উপস্থিত কর্মকর্তা বল

ক্রমিক নং	নাম ও পদবী	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	ফোন/মোবাইল নম্বর	স্বাক্ষর
	মেডিকেল কলেজ বিভাগ-বিজ্ঞান এবং প্রযোগ, প্রযোজন (বিজ্ঞান প্রযোজন)	বিজ্ঞান বিভাগ ক্লিনিক স্কুল, ঢাকা-১০০০	০১৮২১-২৪১৬৭৮৬	৫৪৮ ২৩৪৪৯
	(ডঃ বকেয়েল মাহেশ উচ্চ পদক্ষেপে প্রযোজন কর্মসূচি পর্যবেক্ষণ কর্মসূচি পর্যবেক্ষণ)	১৩৮৭৫৫৩৮২৪ ২০২১-০৭ ক্লিনিক প্রযোজন	০১৬৭৮১১২৩৯৬	১৭৮১৯
	ডঃ মোস্তাফা জানিশ প্রযোজন (প্রকল্প)	D.G.I.T.S.	০১৭১১-৭৯৫২৮৫	A. Barker